

নয়া দিগন্ত

তারিখঃ ৬ অক্টোবর ২০১৯ (রোববার)

স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেসের মোড়ক উন্মোচন

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ড. আবু সুফিয়ান রচিত 'স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড দেয়ার অ্যাপ্লিকেশনস ইন বিজনেস' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন গতকাল শনিবার দুপুরে ইউআইইউ অভিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের প্রধান অতিথি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ বইয়ের মোড়ক উন্মোচন করেন। এতে সভাপতিত্ব করেন ইউআইইউর ভিসি অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান। অন্যদের মধ্যে ইউআইইউ প্রোভিসি অধ্যাপক ড. হাসনান আহমেদ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. কাজী শহীদুল্লাহ বলেন, দেশের বেশির ভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো মানসম্মত নয়। সে ক্ষেত্রে ■ ১৫ পৃঃ ১-এর কলামে



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে অতিথিরা ■ নয়া দিগন্ত

স্টোকাস্টিক প্রসেসেস অ্যান্ড

শেষ পৃষ্ঠার পর

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি সবুজ ক্যাম্পাস তৈরি করে বিরল দৃষ্টান্ত স্থাপন করেছে।

বইটি লেখার মূল উদ্দেশ্য হলো, শিক্ষার্থী ও গবেষকদের দৈব প্রক্রিয়া সম্পর্কে গভীর জ্ঞান ও দৈব প্রক্রিয়া বিশ্লেষণে সহায়তা করা। দৈব প্রক্রিয়া বলতে সম্ভাবনা তত্ত্বের একটি দৈব ফাংশনকে বোঝানো হয়ে থাকে, বেশির ভাগ ক্ষেত্রে যা সময়ের ধারা অথবা কোনো দৈব ক্ষেত্রকে সংজ্ঞায়িত করে থাকে। বিজ্ঞপ্তি।